গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০০৭.০৭৫.২০১৭/ ৬৪৫ (৬)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে ব্যানবেইস এর আওতাধীন ইউআইটিআরসিই'র সহকারী প্রোগ্রামারগণের সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভার কাযবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: মুহিবুর রহমান, মহাপরিচালক, ব্যানবেইস। |
| সভার তারিখ ও সময় | : ২২ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ। |
| উপস্থিতি | : সভায় ভার্চুয়ালী যুক্ত কর্মকর্তাগণের তালিকা পরিবিষ্ট 'ক' এ সন্নিবেশিত। |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২৩ বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার হালনাগাদ ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভার সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্যই মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত করেছে। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির আহবায়ককে আলোচনা শুরু করার জন্য বলেন।

৩.০ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কমিটির আহবায়ক জনাব মো: কায়ছার রহমান, পরিচালক ব্যানবেইসের সিটিজেন চার্টার পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন এবং সিটিজেন চার্টারের সেবাসমূহ নিয়ে সেবাসহজীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও তিনি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সের ট্যাবগুলো মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক লিপিবদ্ধ করার জন্য সহকারী প্রোগ্রামারগণকে নির্দেশনা প্রদান করেন।

৪.০ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কমিটির সদস্য-সচিব জনাব মো: সাবের মাহমুদ, সহকারী পরিচালক (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, ব্যানবেইস এর আওতাধীন ইউআইটিআরসিই সেন্টারসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন ও হালনাগাদ করতে হবে এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা নিশ্চিত করতে হবে।

৫.০ এছাড়াও কর্মপরিকল্পনা অনুযায়ী সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ত্রৈমাসিক ভিত্তিতে দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, উর্ধ্বতন অফিস অর্থাৎ প্রধান কার্যালয়ে প্রেরন এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে;

খ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন, প্রধান কার্যালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে;

গ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন, পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উর্দ্ধতন অফিসে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করতে হবে;

ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সের ট্যাবগুলো মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক লিপিবদ্ধ করতে হবে;

ঙ) চলতি জানুয়ারি-মার্চ ২০২৩ সময়ের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনসহ পরবর্তী সকল ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী উপরে উল্লিখিত সকল কার্যক্রম আওতাধীন মাঠ পর্যায় আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

৬.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/২/২৩

(মোঃ মুহিবুর রহমান)
মহাপরিচালক
☎: ৪১০৬০৭০৭
ই-মেইল: dg@banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০০৭.০৭৫.২০১৭/ ৬৪৫(অ)/১(৭)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯ / ২২ ফেব্রুয়ারি ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। চিফ, পরিসংখ্যান বিভাগ/ চিফ, ডিএলপি বিভাগ/ সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস।
৪। উপপরিচালক (অর্থ্য), ব্যানবেইস।
৫। সহকারী পরিচালক (প্রশাসন-১), ব্যানবেইস।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

22/2/2023

(মো: সাবের মাহমুদ)
সহকারী পরিচালক (প্রশাসন-২)
☎ ০২-৪১০৬০৭৩২
ই-মেইল: ad2_admin@banbeis.gov.bd